

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd


নং-২৬.০৩.০০০০.০০৪.৯৮.০০৮.১৮/২৫০৮

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৬
২ জুলাই ২০১৯

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য নিবন্ধন সনদপত্র নবায়ন বিষয়ক নির্দেশনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরের সেবাসমূহ অটোমেশনের লক্ষ্যে Online Licensing Module (OLM) সফটওয়্যারের মাধ্যমে সেবা কার্যক্রম চালু হয়েছে। Online Licensing Module (OLM) চালু হওয়ায় বিদ্যমান (ম্যানুয়াল) পদ্ধতিতে নিবন্ধিত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরদের ম্যানুয়াল সনদপত্র রহিত করে OLM ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে রি-রেজিস্ট্রেশনের মাধ্যমে অনলাইনে সনদপত্র প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তবে এ পদ্ধতির সাথে পরিচিত হয়ে আমদানি/রপ্তানি/ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র নবায়নে কিছুটা সময়ক্ষেপণ হচ্ছে।

০২। আমদানি নীতি আদেশ এর ৯(১০) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে কোন ধরনের সারচার্জ ব্যতীত ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিবন্ধন সনদপত্র নবায়নের করা যাবে। বিধায়, ২০১৯-২০ অর্থবছরের নবায়নের ফি চালানোর মাধ্যমে জমার প্রমাণক প্রদর্শন সাপেক্ষে ২০১৮-১৯ অর্থবছরে নবায়নকৃত সনদপত্রসমূহের বিপরীতে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টরগণকে আমদানি ও রপ্তানি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করার সুযোগ দেয়া যেতে পারে।



(মোহাম্মদ আওলাদ হোসেন)
নিয়ন্ত্রক (চঃদাঃ)
ফোন: ৯৫৫৮৪২৭।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (সকল শুল্ক কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল চেম্বার/ট্রেড এসোসিয়েশনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪। মহাব্যবস্থাপক, ফরেন এঞ্জলেজ পলিসি/অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল তফসিলি ব্যংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, সকল তফসিলি ব্যাংক, বাংলাদেশ (সকল এডি শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৬। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ৭। জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ৬/ই, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ১৩৭-১৩৮, মতিঝিল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরানবাজার, ঢাকা- ১২১৫।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি, বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, কাওরানবাজার, ঢাকা- ১২১৫।
- ৭। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।